

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ অশুদ্ধ হাদীসের বিষয়ভিত্তিক মূলনীতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩৩. ফাসেক ব্যক্তির গীবত করার বৈধতা

প্রচলিত বানোয়াট কথার মধ্যে রয়েছে: "ফাসিকের গীবত নেই" অর্থাৎ ফাসিক ব্যক্তির অনুপস্থিতিতে তার মধ্যে বিরাজমান সত্য ও বাস্তব দোষের কথা উল্লেখ করলে তাতে গীবত হবে না বা গোনাহ হবে না। এ অর্থে বর্ণিত সকল কথা বানোয়াট, ভিত্তিহীন ও বাতিল। এ প্রকার বানোয়াট কথা অগণিত মুমিনকে 'গীবতের' মত ভয়ঙ্কর পাপের মধ্যে নিপতিত করে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4731

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন